

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯৫/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১১ জানুয়ারি, বুধবার ২০২৩, ২৭ পৌষ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। আপাতত জনপ্রতি টিসিবির পণ্যের পরিমাণ বাড়ছে না: বাণিজ্যমন্ত্রী
- ০২। ময়মনসিংহে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত
- ০৩। ময়মনসিংহ মহানগর আওয়ামী লীগ কর্তৃক বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত
- ০৪। ময়মনসিংহের ত্রিশালে জেলা প্রশাসকের মতবিনিময় সভা অনুষ্ঠিত
- ০৫। বিশ্ব ইজতেমায় মুসল্লি পরিবহনে ৫ জোড়া বিশেষ ট্রেন

০১। আপাতত জনপ্রতি টিসিবির পণ্যের পরিমাণ বাড়ছে না: বাণিজ্যমন্ত্রী

আপাতত জনপ্রতি টিসিবির পণ্যের পরিমাণ বাড়ানো হচ্ছে না বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, প্রতি মাসে একবার করে সারাদেশের এক কোটি পরিবারকে ডাল, তেল ও চিনি দেয়া হবে। মঙ্গলবার (১০ জানুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ে ইউজিসি ভবনের সামনে ২০২৩ সালের টিসিবির পণ্য বিতরণের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা জানান। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক কিষাণের দেশ।

০২। ময়মনসিংহে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

মঙ্গলবার (১০ জানুয়ারি) বিকালে ময়মনসিংহ টাউন হল ময়দানে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ আওয়ামী লীগ, ময়মনসিংহ জেলা শাখার আয়োজনে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ। প্রধান অতিথি তার বক্তব্যে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনকে স্বাধীনতার পূর্ণতাপ্রাপ্তির সাথে তুলনা করেন। আলোচনা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর, দৈনিক ঈষিকা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক কিষাণের দেশ ও দৈনিক দিগন্ত বাংলা।

০৩। ময়মনসিংহ মহানগর আওয়ামী লীগ কর্তৃক বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

নানা কর্মসূচির মধ্য দিয়ে ময়মনসিংহ মহানগর আওয়ামী লীগ কর্তৃক বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। মঙ্গলবার (১০ জানুয়ারি) সকালে নগরীর শিববাড়িস্থ দলীয় কার্যালয়ে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র ও মহানগর আওয়ামী লীগের সভাপতি মো. ইকরামুল হক টিটু এবং সাধারণ সম্পাদক মোহিত উর রহমান শান্তর নেতৃত্বে মহানগর আওয়ামী লীগ নেতৃবৃন্দ কার্যালয় প্রাঙ্গণে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে বিকেলে রেলওয়ে কৃষ্ণচূড়া চত্বরে মেয়র মো. ইকরামুল হক টিটুর সভাপতিত্বে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে সমাবেশ ও সমাবেশ পরবর্তী আনন্দ র্যালি অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বজন ও দৈনিক ঈষিকা।

০৪। ময়মনসিংহের ত্রিশালে জেলা প্রশাসকের মতবিনিময় সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ জেলার নবনিযুক্ত জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমানের ত্রিশাল উপজেলায় আগমন উপলক্ষ্যে উপজেলা প্রশাসনের আয়োজনে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১০ জানুয়ারি) সকালে ত্রিশাল উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জেলা প্রশাসক উপজেলার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, সাংবাদিক, কর্মকর্তাবৃন্দ প্রমুখের সঙ্গে মতবিনিময় করেন। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দেশের খবর, দৈনিক নিউ টাইমস, দৈনিক ঈষিকা, দৈনিক কিষাণের দেশ ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন।

০৫। বিশ্ব ইজতেমায় মুসল্লি পরিবহনে ৫ জোড়া বিশেষ ট্রেন

গাজীপুরের টঞ্জীতে বিশ্ব ইজতেমায় আসা মুসল্লিদের পরিবহনে ৫ জোড়া বিশেষ ট্রেন চালু করছে বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষ। সোমবার (০৯ জানুয়ারি) বাংলাদেশ রেলওয়ের (পূর্বাঞ্চল) এসিওপিএসপি চিফ অপারেটিং সুপারিনটেনডেন্ট কামাল আখতার হোসেন স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। ইজতেমার প্রথম পর্বে আগামী শুক্রবার (১৩ জানুয়ারি) থেকে আখেরি মোনাজাত ও দ্বিতীয় পর্বে ২০ জানুয়ারি থেকে আখেরি মোনাজাত পর্যন্ত বিভিন্ন গন্তব্যে এসব ট্রেন চলবে। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দেখের খবর ও দৈনিক কিষাণের দেশ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহের কাগজ:** দেশের আট জেলায় মৃদু শৈত্যপ্রবাহের কারণে তীব্র শীত অনুভূত হচ্ছে সারা দেশে। শীতাত্ত মানুষের জন্য প্রয়োজনে বিশেষ তহবিল গঠন করে তাদের শীত থেকে বাঁচাতে হবে।
- (খ) **দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** সড়কে দুর্ঘটনা, প্রাণহানি বেড়েই চলছে। সড়ক দুর্ঘটনা রোধে আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করা এবং আইন মেনে চলার ক্ষেত্রে জনসাধারণের সদিচ্ছা ও সচেতনতার বিকল্প নেই।
- (গ) **দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক নিউ টাইমস ও দৈনিক কিশোর দেশ:** সড়ক দুর্ঘটনার দিক দিয়ে বাংলাদেশ বিশ্বের শীর্ষ কয়েকটি দেশের একটি। যানজট কমিয়ে রাজধানীর চলাচল ব্যবস্থা সহজ ও মসৃণ করা সম্ভব হলে এই অপরিমেয় ক্ষতি থেকে রেহাই পাওয়া সম্ভব হতে পারে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। ঋণ পরিশোধে আর কত ছাড়?- এম এ খালেক (দৈনিক স্বজন)
- ০২। শিক্ষা খাতের সংকট ও সম্ভাবনা- মাহুম বিল্লাহ (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। কক্সবাজার সমুদ্র সৈকতটি পৃথিবীর দীর্ঘতম অখণ্ডিত সমুদ্র সৈকত- মো. হায়দার আলী (দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন ও দৈনিক সকালের দুনিয়া)
- ০৪। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনে পূর্ণতা পায় স্বাধীনতা- আর কে চৌধুরী (দৈনিক সবুজ)

#